

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২১-৩৬২

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪২৭
০৪ মার্চ ২০২১

প্রাপকঃ হিসাব মহা-নিয়ন্ত্রক
বাংলাদেশ, ঢাকা

মহোদয়,

আমি আদিষ্ট হয়ে এ সাথে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বরাদ্দের বিস্তারিত বিভাজন প্রেরণ করছি। প্রত্যেক খাতের বিপরীতে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বরাদ্দ হিসেবে উল্লিখিত অর্থের অতিরিক্ত কোন ব্যয় বিল গ্রহণ না করার জন্য অনুরোধ করছি। তবে এ কর্তৃত্ব জারির পর যেসকল খাতে অর্থ বিভাগ কর্তৃক অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হবে সেসকল অতিরিক্ত বরাদ্দ এ সংশোধিত কর্তৃত্বের অংশ হিসেবে গণ্য হবে। উল্লেখ্য, যেসব খাতে ২০২০-২১ অর্থবছরের মূল মঞ্জুরির অতিরিক্ত অর্থ সংশোধিত বাজেটে বরাদ্দ করা হয়েছে এবং পরবর্তীতে করা হবে সেসব খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে সম্পূরক/অতিরিক্ত আর্থিক বিবৃতির মাধ্যমে যথাসময়ে নিয়মিত করা হবে।

২। উল্লেখ্য, ২০২০-২১ অর্থবছরের সংশোধিত কর্তৃত্ব অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান/অধিদপ্তর/পরিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন অনুমোদিত প্রকল্পের জিওবি অংশের মোট বরাদ্দের ১৫ শতাংশ সংরক্ষিত রেখে অনূর্ধ্ব ৮৫ শতাংশ অর্থ ব্যয় করা যাবে এবং এ ৮৫ শতাংশ অর্থ ছাড়ের ক্ষেত্রে অর্থ বিভাগ এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের কোন সম্মতির প্রয়োজন হবে না। উক্ত অর্থ স্বয়ংক্রিয়ভাবে ছাড় হয়েছে বলে গণ্য হবে। প্রকল্প পরিচালকগণ এ অর্থ সরাসরি ব্যবহার করতে পারবেন। তবে সংশোধিত অননুমোদিত/অননুমোদিত প্রকল্পসহ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পের অর্থ ছাড়ের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা, ২০১৮ এর বিদ্যমান পদ্ধতি অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত,

(সিরাজুল মুর চৌধুরী)
যুগ্মসচিব (বাজেট-১)
৯৫৭৬০৪৩

নং-০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২১-৩৬২

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪২৭
০৪ মার্চ ২০২১

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বরাদ্দের অনুলিপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অর্থ বিভাগের সংশ্লিষ্ট সকল উপসচিব/সিনিয়র সহকারী সচিব-এর নিকট প্রেরণ করা হল। সংশোধিত বরাদ্দের বিস্তারিত অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব এবং প্রধান হিসাব রক্ষণ ও অর্থ কর্মকর্তার নিকট প্রেরণের জন্য অর্থ বিভাগের সংশ্লিষ্ট যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিবদের অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ কর্তৃত্ব জারির পর যেসকল খাতে অর্থ বিভাগ কর্তৃক অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হবে সেসকল অতিরিক্ত বরাদ্দ এ সংশোধিত কর্তৃত্বের অংশ হিসেবে গণ্য হবে এবং পরবর্তীতে সম্পূরক/অতিরিক্ত আর্থিক বিবৃতির মাধ্যমে যথাসময়ে নিয়মিত করা হবে।

(মোহাম্মদ আনিসুজ্জামান খান)

উপসচিব

৯৫১৪১৪৬


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
- ২। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুন বাগিচা, ঢাকা
- ৩। যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব, বাজেট অধিশাখা/শাখা-....., বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ
- ৪। প্রধান হিসাব রক্ষণ ও অর্থ কর্মকর্তা, বিভাগ/মন্ত্রণালয়

নং-০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২১-৩৬২

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪২৭
০৪ মার্চ ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত বরাদ্দের অনুলিপি প্রেরণ করা হল। যেসব ক্ষেত্রে মূল মঞ্জুরির পরিমাণ সংশোধিত বরাদ্দ হতে বেশি এবং ইতোমধ্যে সংশোধিত বরাদ্দের তুলনায় বেশী অর্থ ছাড় কিংবা ব্যবহার হয়েছে সেসব ক্ষেত্রে সংশোধিত বরাদ্দের তুলনায় যে পরিমাণ অর্থ বেশী ছাড় কিংবা ব্যবহার হয়েছে সে পরিমাণ অর্থ অবিলম্বে সমর্পণ/সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। এরূপ সমর্পণ/জমাকৃত অর্থ সংশ্লিষ্ট পত্রাদির দু'টি প্রতিলিপি সর্বশেষ ২০২১ সালের জুন মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অবশ্যই অর্থ বিভাগে পাঠাতে হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ব্যতীত কোন অধিদপ্তর, পরিদপ্তর কিংবা অধঃস্তন অফিস কর্তৃক অর্থ প্রতর্পণ সম্পর্কিত প্রেরিত পত্রাদি অর্থ বিভাগ কর্তৃক বিবেচিত হবে না।



(মোহাম্মদ আনিসুজ্জামান খান)

উপসচিব

☎ ৯৫১৪১৪৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব/সচিব,

